



মনোযোগ দিন!

আমেরিকান রেসকিউ অ্যাঙ্কে রয়েছে
আপনার আসল সুবিধাসমূহ!

এই হল আপনার নজরতালিকা!

আপনার গৃহস্থালির ক্ষেত্রে আরও বেশী আয়



এই জুলাই থেকে শুরু করে সারা বছরে পরিবারগুলিকে কমপক্ষে **শিশু প্রতি \$3,000** প্রদান করা হবে। আপনার পেমেন্ট প্রাপ্তি সুনিশ্চিত করতে আপনার শিশুর সামাজিক সুরক্ষা নম্বর আছে কিনা নিশ্চিত করুন এবং আপনার কোনও ট্যাক্স বাকি না থাকলেও 2020 ট্যাক্স রিটার্ন দাখিল করুন, এবং এর পরে আপনি স্বয়ংক্রিয়ভাবে পেমেন্ট পেয়ে যাবেন। এটির ভালো দিক হল এই প্রত্যক্ষ ফেডারেল সুবিধা আগামী বছরে ফেডারেল ট্যাক্স রিটার্নে SNAP, Medicaid বা চাইল্ড কেয়ার বেনিফিটে আয় হিসাবে গণ্য হবে না।

\$75,000 আয় বিশিষ্ট প্রতি একক অভিভাবকের পরিবারে এবং \$150,000 আয় বিশিষ্ট প্রতি উভয় অভিভাবক পরিবারে **প্রতি প্রাপ্তবয়স্ক এবং বাচ্চার ক্ষেত্রে \$1,400** প্রদান করা হবে। চেক প্রাপ্তি নিশ্চিত করার জন্য, আপনার শিশুর একটি সামাজিক সুরক্ষা নম্বর থাকা আবশ্যিক এবং আপনাকে বকেয়া ট্যাক্স না থাকা সত্ত্বেও অবশ্যই 2019 বা 2020 ট্যাক্স রিটার্ন দাখিল করতে হবে।

\$3,000 প্রতি শিশু

\$1,400 প্রতি প্রাপ্ত-বয়স্ক
এবং শিশু

আপনার কাছাকাছি কোন
স্থানে বিনামূল্যে ট্যাক্স রিটার্ন
ফাইলে সহায়তা পেতে
পারেন, তা জানার জন্য
দেখুন **IRS VITA** ফ্রি ট্যাক্স
প্রস্তুতি
(irs.treasury.gov).

নতুন বেকারত্বের সুবিধাসমূহ



সেপ্টেম্বর 6, 2021 পর্যন্ত বেকারত্ব ক্ষতিপূরণে রাষ্ট্রের থেকে যে
পরিমাণ অর্থ পেয়েছেন তার সাথে **প্রতি সপ্তাহে \$300 অতিরিক্ত**
যুক্ত হবে এবং অতিমারী বেকারত্বের সুবিধাসমূহও সেপ্টেম্বর 6
থেকে শুরু হয়ে যাবে।


আপনার 2020 ফেডারেল ট্যাক্স রিটার্নে অতিমারী শুরুর সময়
থেকে **\$10,200 পর্যন্ত বেকারত্বের সুবিধাসমূহ** করযোগ্য আয়
হিসাবে গণ্য হবে না।

তি সপ্তাহে অতিরিক্ত \$300

অতিরিক্ত বিশদ এবং রেজিস্টারের
জন্য দেখুন: পি.এ. বেকারত্ব
ক্ষতিপূরণ (paclaims.pa.gov).

\$10,200 কর ছাড়
বেকারত্বের সুবিধাসমূহ

আরও বিশদ রয়েছে এখানে:
<http://bit.ly/ARPFactSheet>



হাসমান স্বাস্থ্যসেবা ব্যয়



আপনি যদি Obamacare –এ বীমা করে থাকেন বা করতে চান, সেক্ষেত্রে আপনার **মাসিক স্বাস্থ্য সেবা পেমেন্টগুলি** আপনার আয়ের **8.5%-এ সীমাবদ্ধ থাকবে।**

আপনি Medicaid বীমা করে থাকলে অথবা আপনার শিশুর CHIP-এ নথিভুক্ত থাকলে, COVID সেবা বা প্রতিষেধকের প্রয়োজনের ক্ষেত্রে আপনার COVID সম্পর্কিত **স্বাস্থ্য সেবা ব্যয়সমূহ মকুব হবে।**

যদি অতিমারীর জন্য আপনাকে ছাঁটাই করা হয় বা কর্ম সময় কমিয়ে দেওয়া হয়, সেক্ষেত্রে আপনি ছয় মাসের জন্য COBRA-এর অধীনে বিনামূল্যে স্বাস্থ্য বীমা পেতে পারেন। যেসকল কর্মীরা তাঁদের নিয়োগকর্তার COBRA প্লানের যোগ্য ছিলেন--তারা যোগ্য থাকাকালীন সেটি গ্রহণ করেছিলেন কিনা তা ব্যতিরেকেই--এখন তাঁরা 2021-এর সেপ্টেম্বরের শেষে কিস্তি প্রদান না করেই তাতে নথিভুক্ত করতে পারবেন। যদি আপনার বীমা না করা থাকে, ব্যক্তিগত ভাবে বীমা করে থাকেন, বা ইতিমধ্যেই নিয়োগকারীর COBRA প্লানের অন্তর্ভুক্ত থাকেন, আপনার প্রাক্তন নিয়োগকারীকে জিজ্ঞাসা করুন আপনি COBRA ভর্তুকির যোগ্য কিনা। (আপনার নিয়োগকারীর ব্যয়সমূহ সম্পূর্ণরূপে প্রত্যর্পিত হবে।)

8.5% আয়ের সীমা

এখানে আপনার বিশদ দেখুন:
Pennie – পেনসিলভেনিয়াবাসীদের স্বাস্থ্য সেবায় যুক্ত করে চলেছে
(pennie.com).

আওতায় রয়েছে COVID-19 টেস্ট

প্রতিষেধকসমূহ, এবং চিকিৎসা
| বাজেট এবং নীতি
অগ্রাধিকার কেন্দ্র
(cbpp.org).

6 মাস বিনামূল্যে স্বাস্থ্য বীমা

প্রাক্তন নিয়োগকর্তার সাথে
যোগাযোগ করুন

ইন্টারনেট পরিষেবার হাসমান ব্যয়



প্রায় ছয় মাসের জন্য আপনার ইন্টারনেট বিলে প্রতি মাসে **\$50 ছাড়।** Comcast, Verizon উভয়ই এই সুবিধা প্রদান করছে। যদি আপনার শিশু বিনামূল্যে বা কম মূল্যে স্কুলের মিল পায় অথবা কলেজ বা প্রশিক্ষণের জন্য PELL গ্রান্ট পায় বা আপনার আয় কম হলে পরিবারগুলি এই সুবিধা পেতে পারে। যারা বিগত ইন্টারনেট প্রদানকারীর কাছে বিল বকেয়া রেখেছেন, এই সুবিধা সেই সকল পরিবারের ক্ষেত্রেও উপলব্ধ, কিন্তু সেক্ষেত্রে এই সুবিধা বকেয়া বিল মেটানোর ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

\$50 প্রতি মাস

আপনি এই সহায়তার যোগ্য
কিনা জানার জন্য দেখুন:
গৃহস্থালির যোগ্যতা - Universal
Service Administrative
Company
(usac.org).

মাথার ওপর ছাদ বজায় রাখুন



যারা এই অতিমারী অবস্থায় পেমেন্ট করতে পারেন নি, তাঁদের **ভাড়া বা বন্ধক পেমেন্টের সহায়তা** রাষ্ট্রীয় আইন পরিবারগুলিকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে। এই ফান্ডসমূহ ইউটিলিটি বিলেও যেতে পারে। এটির বিশদে এখনো কাজ চলছে।

ভাড়া এবং বন্ধক

এই স্থানে লক্ষ্য রাখুন:
PHFA করোনা ভাইরাস
সম্পর্কিত সম্পদগুলি



খাবারের জন্য অতিরিক্ত সহায়তা



যদি আপনার শিশু বিনামূল্যে বা কম মূল্যের মিলের যোগ্য এবং আপনার শিশুর স্কুল ব্যক্তিগত নির্দেশে বন্ধ থাকে (হাইব্রিড নির্দেশের ক্ষেত্রে সঙ্গতিপূর্ণ), সেক্ষেত্রে **প্রতিদিন \$6.82 পর্যন্ত** স্কুল ডে মিলের জন্য পান; এবং 18 বছরের নিচে যেকোনো বাচ্চার জন্য আপনি সামার মিলের ক্ষেত্রে সাহায্য পেতে পারেন।

যেসকল পরিবার ইতিমধ্যেই SNAP পাচ্ছেন, তাঁরাও SNAP EBT কার্ডে এই নতুন সুবিধা সমূহ পেতে পারেন; যেসকল পরিবারে SNAP না পাওয়া স্কুলে যাওয়া বাচ্চা রয়েছে, তাদের SNAP পাওয়ার জন্য প্রতি বাচ্চার **P-EBT কার্ড** মেল করতে হবে।

যদি আপনি পেনসিলভানিয়ার মহিলা, শিশু এবং বাচ্চাদের প্রোগ্রামের অধীনে পুষ্টি প্রাপ্ত করছেন, সেক্ষেত্রে আপনার WIC সুবিধাগুলি প্রতি মাসে **অতিরিক্ত ফল ও সব্জি কেনার জন্য \$35 পর্যন্ত বর্ধিত হতে পারে** সেপ্টেম্বর 30 অবধি।

প্রতিদিন খাবারের জন্য \$6.82

আরও দেখুন এখানে:
অতিমারী EBT গাইড
(dhs.pa.gov).

P-EBT কার্ড

আরও জানুন এখানে:
অতিমারী EBT গাইড
(dhs.pa.gov).

প্রতি মাসে \$35 অতিরিক্ত

WIC-এর জন্য এখানে রেজিস্টার
করুন: WIC অনলাইন
প্রি-অ্যাপ্লিকেশন (pawic.com).




আপনার পরিবার গত সেপ্টেম্বর থেকে সর্বাধিক SNAP সুবিধাসমূহের যোগ্য হলে, আপনি প্রায় **\$1,500** পর্যন্ত পেতে পারেন।

আপনি যোগ্য হলে এই ফান্ডসমূহ স্বয়ংক্রিয়ভাবে
আপনার কাছে পৌঁছে যাবে।



বর্তমানে সর্বাধিক SNAP সুবিধাপ্রাপ্ত পরিবারগুলির
জন্য মে মাসে অতিরিক্ত **\$95 প্রতি মাসে** উপলব্ধ থাকবে
। আপনার পরিবারও SNAP সুবিধার যোগ্য হতে পারে।

এখানে দেখুন: <http://bit.ly/CLSSNAP> অথবা
<http://bit.ly/SNAPtemp>



আপনার চাকরি অক্ষুণ্ণ রেখে পরিবারের ওপর COVID-এর প্রভাবের মোকাবিলা করুন



আপনার আয় নিম্নোক্ত আয় তালিকার থেকে কম হলে, আপনি **শিশু সেবার ব্যয়ে** ভর্তুকির যোগ্য হবেন এবং এখন আরও পরিবার এই ভর্তুকি প্রোগ্রামে নথিভুক্ত করতে পারেন। আপনার কাউন্টিতে প্রাথমিক শিক্ষা সম্পদ কেন্দ্রসমূহে যোগাযোগ করে ভর্তুকির জন্য আবেদন করুন।

শিশু সেবার কভারেজ

আপনার কাউন্টির নম্বর খুঁজুন
এখানে: প্রাথমিক শিক্ষা সম্পদ
কেন্দ্রসমূহ
(dhs.pa.gov).

আপনি শিশু সেবায় ভর্তুকি পেতে পারেন, যদি:

আপনার পরিবারে থাকে

আপনার পরিবারের/বাড়ীর আয় সারা বছরে
এই পরিমাণের থেকে কম থাকে

2 জন সদস্য (একজন শিশু)	\$34,480
3 জন সদস্য (একজন বা তার বেশী শিশু)	\$43,440
4 জন সদস্য (একজন বা তার বেশী শিশু)	\$52,400
5 জন সদস্য (একজন বা তার বেশী শিশু)	\$61,360

আপনি আপনার শিশু সেবা ব্যয় এবং নির্ভরশীল সেবা কর ক্রেডিট ঘোষণার দ্বারা বকেয়া ফেডারেল ট্যাক্স হ্রাস করতে পারেন। এটির দ্বারা **আপনি বকেয়া ফেডারেল ট্যাক্স \$4,000 পর্যন্ত কমাতে পারেন**, যদি 13 বছর বা তার কম বয়সী শিশুর সেবায় কমপক্ষে এই রাশির দ্বিগুণ খরচ করে থাকেন; অথবা যদি আপনি দুই বা ততোধিক শিশুর সেবায় \$16,000 -এর বেশী ব্যয় করে থাকেন সেক্ষেত্রে এই রাশির পরিমাণ হবে **\$8,000**। এবং যদি আপনার ট্যাক্সে বকেয়া কম থাকে, আপনি বাকি রাশি সরাসরি ক্রেডিট হিসাবে পেয়ে যাবেন।

যদি আপনার পরিবারে কেউ COVID-এ আক্রান্ত হয়ে থাকে বা আপনার শিশুর স্কুল বা শিশু সেবা প্রোগ্রাম বন্ধ থাকে, এগুলির দেখাশোনার জন্য **যেকোনো ছুটির ক্ষেত্রে আপনাকে বেতন দেওয়া হবে**। আপনাকে প্রদত্ত এই পেমেন্ট আপনার নিয়োগকর্তাকে সেপ্টেম্বর 30-এর মধ্যে প্রত্যর্পণ করা হবে।

ফেডারেল ট্যাক্স হ্রাস করুন

অতিরিক্ত তথ্যের জন্য
দেখুন এখানে:
<https://home.treasury.gov/news/featured-stories-fact-sheet-the-american-rescue-plan-will-deliver-immediate-economic-relief-to-families>.

সবেতন ছুটি

অতিরিক্ত তথ্যের জন্য দেখুন
এখানে: COVID-19 এবং
Family and Medical Leave
Act প্রশ্নোত্তরসমূহ
(dol.gov).

